

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০৬.০০৪.২১. ১০৬

তারিখ: ০১/০৩/২০২৬ খ্রি


বিষয়: প্রকল্পের আওতায় গঠিত মডেল/বিশেষ সমিতি সংক্রান্ত তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রকল্পভুক্ত প্রতিটি উপজেলায় ন্যূনতম ০৩টি করে মডেল/বিশেষ সমিতি গঠন এবং সে আলোকে অন্যান্য সকল সমিতিতে রূপান্তর সংক্রান্ত বিষয়ে বারংবার পত্র/জুম মিটিং/প্রশিক্ষণকালীন নির্দেশনা দেয়া হয়েছে। তদুপরি যথাযথভাবে প্রতিটি উপজেলায় মডেল/বিশেষ সমিতি গঠিত হয়নি মর্মে প্রতিয়মান হচ্ছে। ফলশ্রুতিতে মহিলাদের দারিদ্র বিমোচন, স্ব-কর্মসংস্থান সৃষ্টি ও নারীর ক্ষমতায়নের লক্ষ্যমাত্রা যথাযথভাবে অর্জিত হচ্ছে না। এতে করে বিআরডিবি'র ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়াসহ দায়িত্বপ্রাপ্ত কর্মচারীদের অদক্ষতা প্রমাণ করে। তাই পুনরায় মডেল/বিশেষ সমিতি গঠন বিষয়ে নিম্নোক্ত বিষয় সমূহ অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

- বাস্তবায়ন নির্দেশিকা অনুযায়ী সমিতির সক্রিয় সদস্য সংখ্যা ২০ থেকে ৩০ জনের মধ্যে হতে হবে অর্থাৎ সদস্য সংখ্যা ৩০ জনের অধিক এবং ২০ জনের কম হতে পারবে না;
- নিয়মিত সঞ্চয় জমা এবং ন্যূনতম মাসিক উঠান বৈঠক অনুষ্ঠিত হতে হবে;
- সমিতির ব্যবহৃত সকল রেজিস্টারসহ হিসাব হালনাগাদ থাকতে হবে;
- চাহিদা অনুযায়ী সকল সদস্যকে প্রশিক্ষণ (স্বল্প/দীর্ঘ মেয়াদী) প্রদান করতে হবে;
- গৃহিত ক্ষুদ্র/উদ্যোক্তা ঋণ সংশ্লিষ্ট আইজিএ এর বিপরীতে বিনিয়োগ নিশ্চিত করতে হবে;
- সমিতির ন্যূনতম ৭৫% সদস্যের দৃশ্যমান আইজিএ ভিত্তিক কর্মকান্ড থাকতে হবে;
- সামাজিক সচেতনতা বিষয়ে সমিতির সকল সদস্য অবগত থাকা অপরিহার্য;
- পারিবারিক সিদ্ধান্ত গ্রহণে নারীদের অংশগ্রহণ থাকতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনানুযায়ী উপজেলাওয়ারী গঠিত ন্যূনতম ০৩টি মডেল/বিশেষ সমিতির তালিকা আইডি নম্বরসহ সংযুক্ত হকে আগামী ০৭ কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।


মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক

ফোন: ০২-৮১৮০১৪৪

ইমেইল:-iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি:..... জেলা উপজেলা পরিদর্শনকালে নমুনাচয়নের ভিত্তিতে ঋণের ব্যাংক এ্যাডভাইস যাচাইয়ের জন্য অনুরোধসহ;
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা;
৪. পরিচালক পরিকল্পনা মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা;
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা);
৬. অফিস নথি।

মডেল/বিশেষ সমিতি সংক্রান্ত 'ছক'

ক্র: নং	সমিতি নাম ও আইডি নং	সক্রিয় সদস্য সংখ্যা	প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য সংখ্যা		দৃশ্যমান আইজিএ কর্মকান্ডের সাথে যুক্ত সদস্য সংখ্যা	মন্তব্য
			স্বল্প মেয়াদী	দীর্ঘ মেয়াদী		
১	২	৩	৪	৫	৬	৭

বি: দ্র: মন্তব্য কলামে সমিতির কতজন সদস্য কোন কোন আইজিএ ভিত্তিক কর্মকান্ড পরিচালনা করছেন তার বিবরণ উল্লেখ করতে হবে।
(উদাহরণস্বরূপ সমিতি সদস্য সংখ্যা ৩০ জন হলে মন্তব্য কলামে এভাবে লেখা যেতে পারে- ৫ জন সেলাই ও এমব্রয়ডারী, ৬ জন গাভী পালন, ৩ জন ছাগল পালন, ২ জন বিউটি পার্লার, ৫ জন ব্লক বাটিক ও ডেস মেকিং, ৮ জন হাঁস ও মুরগী পালন করেন।)

